চুয়াডাঙ্গায় উগ্রবাদ প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দিনব্যাপী সেমিনার

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে উগ্রবাদ প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর দেড়টার সময় বাংলাদেশ পুলিশের সন্ত্রাস দমন ও আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধ কেন্দ্র নির্মাণ প্রকল্পের সহযোগিতায় চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে পুলিশ লাইন্স ড্রিলশেডে চুয়াডাঙ্গা জেলায় কর্মরত দফাদার ও চৌকিদারদের অংশগ্রহণে ‘উগ্রবাদ প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর করনীয়’ শীর্ষক দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, দেশে উগ্র জঙ্গিবাদ ও সন্ত্রাস দমনে পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসনসহ দেশের সচেতন মানুষ প্রশাসনের সকল ইউনিটকে ব্যাপক সহযোগিতা করেছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিত তরুন মেধাবী যুবক যুবতীরা ভুলকরে উগ্রবাদের সন্ত্রাসী কার্যক্রমে জড়িয়ে পড়ছে। তবে সারা বিশ্বের সকল সোভ্যদেশে আজ সন্ত্রাসী হামলা হচ্ছে। এই উগ্রপন্থীর মূলহুতারা ধর্মের নামে ক্ষমতা বাস্তবায়নের জন্য তরুন শিক্ষিত যুবসমাজকে ব্যাবহার করছে। তাই সচেতন সকল নাগরিক ও অভিবাকদের তার সন্তানের দিকে বিশেষ নজর রাখতে হবে। আমরা যদি সকলে মিলে কাজ করি তবে উগ্রপন্থী জঙ্গি বাদ প্রতিহত করতে পারবো বলে জানান। আর এই জঙ্গিদের কার্যক্রমের গোপন তথ্য বা সংবাদ সাধারন মানুষের পাশাপাশি গণমাধ্যম কর্মীরা প্রচার করে জনসচেতনতা সৃষ্টি করতে সহায়তা করতে পারে বা তারা করছে। তাই সকলের প্রচেষ্টায় মুক্তিযুদ্ধের বাংলাদেশ গড়ার লক্ষে সরকার যেমন কাজ করছে তার সাথে আমাদের সকলের সহযোগিতা প্রতাশা করেন। তাই আসুন সকলে মিলে উগ্রজঙ্গিবাদ প্রতিরোধ করে দেশকে

এগিয়ে নিয়ে যায়

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত ম্যাজিস্ট্রেট এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন। চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের কর্মকর্তা বৃন্দ।